বিশেষ অনুশীলন-২

**শ্রেণি: ৬ষ্ঠ**

**বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

**সময়: ~~৩০~~ 15 মিনিট** **পূর্ণমান-~~৩০~~ 50**

**১। সঠিক উত্তরটি খাতায় লিখ**

১)কুরআন শব্দটির মূল অর্থ কী ?

ক) উদিত খ) সম্মত গ) মুখস্থ ঘ) পঠিত

২) সম্পূর্ণ কুরআন নাযিল হতে কত সময় লাগে ?

ক) ২০ বছর খ) ২১ বছর গ) ২২ বছর ঘ) ২৩ বছর

৩) মাহি প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে নামায পড়ে দেখে দেখে কুরআন তিলাওয়াত করেন। তার এ তিলাওয়াতকে কী বলা হয় ?

ক) নাজিরা তিলাওয়াত খ) হাফিজি তিলাওয়াত

গ) উত্তম তিলাওয়াত ঘ) শুদ্ধ তিলাওয়াত

৪) মাখরাজ কয়টি ?

ক) ১৫টি খ) ১৬ টি গ) ১৭ টি ঘ) ১৮ টি

৫) ) সূরা আন-নাসে 'আন-নাস' শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে?

ক) ৪ খ) ৫ গ) ৬ ঘ) ৭

৬) সূরা আল ফাতিহাকে উম্মুল কুরআন বলার কারণ কী ?

ক) কুরআনের প্রথম সূরা খ) কুরআনের সার সংক্ষেপ

গ) রোগমুক্তির সূরা ঘ) প্রশংসার সূরা

৭) সূরা নাস আল কুরআনের কততম সূরা ?

ক) ১১১তম খ) ১১২তম গ) ১১৩তম ঘ) ১১৪তম

৮) কুরআন মজিদ হলো

i) সর্বশ্রেষ্ঠ আসমানি কিতাব ii) সর্বশেষ আসমানি কিতাব

iii) আরব জাতির দিশারি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) i ও iii ঘ) i, ii ও iii

৯) কীভাবে হযরত আব্দুল কাদের জিলানী(র) ডাকাতদের হাত হতে রক্ষা পান?

ক) দৌড়ে পালিয়ে খ) আমানতদার হয়ে গ) সত্য কথা বলে ঘ) মিথ্যা কথা বলে

১০) কিয়ামতের দিন দাঁড়িপাল্লায় সবচেয়ে ভারী হবে কোনটি ?

ক) সালাত খ) উত্তম চরিত্র গ) সত্যবাদিতা ঘ) আমল

১১) সত্যবাদিতার আরবি প্রতিশব্দ কোনটি ?

ক) কিযব খ) সিদক গ) সাদিক ঘ) সবর

১২) আল-ফালাক অর্থ-

ক) হিংসা খ) চুল গ) প্রভাত ঘ) গভীর

১৩) "আপনি কুরআন আবৃত্তি করুন ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে"। আয়াতটি পবিত্র কুরআনের কোন সূরার অন্তর্গত?

ক) সূরা মায়েদা খ) সূরা মুযযাম্মিল

গ) সূরা নাহল ঘ) সূরা মুদ্দাছির

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও

'আ' দশ বছর যাবৎ তার বোনদের কোন খোঁজ খবর রাখেন না এবং পৈতৃক সম্পত্তি থেকে তাদের বঞ্চিত করেন।

১৪) 'আ' এর আচরণে কার অধিকার লঙ্ঘিত হয়েছে?

ক) প্রতিবেশীর খ) আত্মীয়ের

গ) রাষ্ট্রের ঘ) সমাজের

১৫) উক্ত ক্ষেত্রে আল্লাহর নির্দেশ হলো-

i) উত্তম আচরণ করা ii) ভালো চাকরির ব্যবস্থা করে দেওয়া

iii) সম্পর্ক ছিন্ন না করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) i ও iii ঘ) i, ii ও iii

১৬) সিরাত অর্থ-

ক) ভালো খ) নেকি গ) মন্দ ঘ) পথ, রাস্তা

১৭) শওকত তার নানাকে চিকিৎসা বাবদ ৩০০০ টাকা দেয়। এটি শওকতের কোন ধরনের কর্তব্য ?

ক) প্রতিবেশীর প্রতি কর্তব্য খ) আত্মীয়ের প্রতি কর্তব্য

গ) বড়দের প্রতি কর্তব্য ঘ) সহকর্মীর প্রতি কর্তব্য

১৮) জনাব রফিক সাহেব তার অফিসের সকল কর্মীর সাথে সুন্দর ব্যবহার করেন। এর মাধ্যমে প্রকাশিত হয়-

i) আখলাকে হামিদাহ ii) আখলাকে যামিমাহ

iii) নিন্দনীয় আচরণ

নিচের কোনটি সঠিক?

ক) i খ) i ও iii

গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯) হযরত আব্দুল কাদের জিলানী(র) শিক্ষাগ্রহণের জন্য কোথায় গিয়েছিলেন ?

ক) চীন খ) বাগদাদ গ) মক্কা ঘ) মদিনা

২০) তুমি সত্য কথা বলার মাধ্যমে অর্জন করবে

ক) বিশ্বাস খ) নেতৃত্ব গ) মর্যাদা ঘ) ধন সম্পদ

২১) পিতা মাতার সেবা করা আমাদের কর্তব্য। কারণ-

i) আল্লাহর নির্দেশ ii) পরকালীন মুক্তি

iii) উত্তম ইবাদত

নিচের কোনটি সঠিক?

ক) i খ) i ও iii

গ) i ও iii ঘ) i, ii ও iii

২২) আখলাকে যামিমার অন্তর্ভুক্ত নয়-

ক) মিথ্যাচার খ) শিক্ষককে শ্রদ্ধা গ) গিবত ঘ) ডাকাতি

২৩) " মায়ের পায়ের নিচে সন্তানের জান্নাত" - কার বাণী ?

ক) আল্লাহর খ) মুহাম্মদ (স) এর

গ) আবু বকর (রা)-এর ঘ) উমর (রা) এর

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও

'ক' চার ভাই বোনের মধ্যে ছোট। শহরে ভালো বেতনে চাকরি করে এবং সপরিবারে বসবাস করেন। কিন্তু বাবা-মার প্রতি কোনো দায়িত্ব পালন করেন না। সে মনে করেন, বাবা-মার দায়িত্ব পালনে তার ভাই বোনেরাই যথেষ্ট।

২৪) 'ক' এর আচরনে কার অধিকার লঙ্ঘিত হয়েছে?

ক) পিতামাতার খ) আত্মীয়ের

গ) প্রতিবেশীর ঘ) সমাজের

২৫) উক্ত ক্ষেত্রে আল্লাহর নির্দেশ হলো-

i) উত্তম আচরণ করা ii) চিকিৎসার ব্যবস্থা করা

iii) দায়িত্ব পালনে অবহেলা না করা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii

গ) i ও iii ঘ) i, ii ও iii

২৬) তাজবিদ অর্থ

ক) বিশ্বাস করা খ) সুন্দর করা গ) মিলিয়ে পড়া ঘ) টেনে পড়া

২৭) মুখের খালি জায়গাকে কী বলে ?

ক) সাকিন খ) হলক গ) মাদ ঘ) জাওফ

২৮) পবিত্র কুরআন সর্বপ্রথম কোথায় সংরক্ষিত ছিল ?

ক) ১ম আসমানে খ) শেষ আসমানে গ) লাওহে মাহফুযে ঘ)বাইতুল্লাহ শরিফে

২৯) সূরা নাস কোথায় অবতীর্ণ হয় ?

ক) মক্কায় খ) মদিনায় গ) সিরিয়ায় ঘ) ইয়েমেনে

৩০) লাবীদ ইবনে আসিম রাসূল(স) কে যাদু করার জন্য সংগ্রহ করেছিল -

ক) রাসূলের (স) চুল　　　　খ) রাসূলের (স) কাপড়

গ) রাসূলের (স) পাগড়ি　　　　ঘ) রাসূলের (স) জুতা

**সৃজনশীল প্রশ্ন**　　***সময়: *৪৫মিনিট****　　***পূর্ণমান - *২০***

**উদ্দীপক পড়ে প্রশ্নের উত্তর দাও।**

১. জনাব 'চ' সাহেব প্রতিদিন সকালে পরিবারের সবাইকে নিয়ে কুরআন তিলাওয়াত করেন। একদিন তিনি বললেন, বিশ্বজগতের সকল প্রশংসা আল্লাহরই প্রাপ্য। তিনিই মানুষকে সরল, সঠিক পথের সন্ধান দেন। এ প্রসঙ্গে একটি সূরাও নাযিল হয়েছে। সূরাটির তাৎপর্য অত্যধিক। এই সূরাকে বলা হয় 'কুরআনের ভূমিকা' বা 'ফাতিহাতুল কিতাব'। এ ছাড়াও সূরাটির আরো অনেক নাম আছে। এ সূরাটি পড়ার মাধ্যমে আমরা আল্লাহর কাছে সঠিক পথে চলার প্রার্থনা করে থাকি।

ক) ইসলামের প্রধান উৎস দুটির নাম লিখ। ১

খ) তাজবিদ অনুযায়ী কুরআন না পড়ার পরিনাম ব্যাখ্যা কর। ২

গ) জনাব 'চ' সাহেব কুরআনের কোন সূরা নিয়ে আলোচনা করলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) সঠিক পথের সন্ধান লাভে উক্ত সূরাটির তাৎপর্য কতটুকু বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

২. <u>ঘটনা-১:</u> বাবা মার অনিচ্ছা সত্ত্বেও ধনাঢ্য ব্যবসায়ী জনাব জসিম সাহেব তার বৃদ্ধ বাবা মাকে বৃদ্ধাশ্রমে রেখে আসেন।

<u>ঘটনা-২:</u> তামিমের নানা বললেন,কখনো মানুষকে কষ্ট দিবে না,সবার সাথে সুন্দর ব্যবহার করবে।কারণ মহানবি (স) বলেছেন:কিয়ামতের দিন দাঁড়িপাল্লায় সবচেয়ে ভারী হবে মুমিনের উত্তম চরিত্র।

ক) নিন্দনীয় আচরণ এর আরবি প্রতিশব্দ কী? ১

খ) সত্যবাদিতা বলতে কী বোঝায় ? ২

গ) জনাব জসিম সাহেবের কাজে আল্লাহর কোন নির্দেশ পালনের ব্যত্যয় ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) ঘটনা ২ এ উল্লিখিত হাদিস আনুযায়ী উত্তম চরিত্রের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪